**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**১) এক দেশ এক নির্বাচন সংক্রান্ত বিল আজ লোকসভায় পেশ করা হয়েছে এবং আলোচনার জন্য গৃহীত হয় ।**

**২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলা ভগৎ সিং যুব আবাস মাঠে আয়োজিত এক ভারত শ্রেষ্ঠ ভারত শিবিরের উদ্বোধন করেন।**

**৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজস্থানের জয়পুরে ৪৬ হাজার ৩০০কোটি টাকার ২৪টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন ।**

**৪) অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুরে পাঁচ দিন ব্যাপী ২২তম উত্তর-পূর্বাঞ্চল দাবা আসরের উদ্বোধন করেন ।**

***********************************************

**One Nation One Election :**

এক দেশ এক নির্বাচন সংক্রান্ত বিল আজ লোকসভায় পেশ করা হয়েছে এবং আলোচনার জন্য গৃহিত হয়। কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল সংসদে সংবিধানর ১৩০তম সংশোধনী বিল ২০২৪ এবং কেন্দ্রশাসিত অঞ্চল আইন সংশোধনী বিল ২০২৪ পেশ করার জন্য প্রস্তাব উথ্থাপন করায় বিরোধীরা ভোটের দাবি করেন। বিলটি উথ্থাপনের পক্ষে ২৬৯জন সদস্য এবং বিপক্ষে ১৯৮ জন ভোট দেন।

কংগ্রেস, টিএমসি, সমাজবাদী পার্টি, ডিএমকে, শিবসেনা (ইউবিটি), সিপিআই (এম) সহ বিরোধী দলগুলি বিলগুলিকে সংবিধানের মৌলিক কাঠামোর উপর আক্রমণ বলে অভিহিত করে। তারা বিলগুলি অধিকতর যাচাই-বাছাইয়ের জন্য যৌথ সংসদীয় কমিটিতে পাঠানোর দাবি জানান।

শ্রী মেঘওয়াল বিরোধী দলগুলির অভিযোগ প্রত্যাখ্যান করে বলেন যে এই বিলগুলি সংবিধানের মৌলিক কাঠামোর বিরুদ্ধে নয়। তিনি এই বিলগুলো যৌথ সংসদীয় কমিটিতে পাঠানোর প্রস্তাব করেন। তিনি দেশে এক দেশ, এক নির্বাচনের ধারণা অন্বেষণের জন্য রাম নাথ কোবিন্দের নেতৃত্বে গঠিত উচ্চ পর্যায়ের কমিটির প্রশংসা করেন। তিনি বলেন, কমিটি রাজনৈতিক দল ও বিশেষজ্ঞসহ অংশীদারদের সঙ্গে ব্যাপক আলোচনা করেছে।

এর আগে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন, যখন কেন্দ্রীয় মন্ত্রিসভায় ওয়ান নেশন, ওয়ান ইলেকশন বিল আসে, তখন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মতামত দিয়েছিলেন যে এটি জেপিসি-তে উত্থাপন করা উচিত।

***************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ ত্রিপুরা এনসিসি ১৩নং ব্যাটালিয়নের উদ্যোগে আগরতলা ভগৎ সিং যুব আবাস মাঠে আয়োজিত এক ভারত শ্রেষ্ঠ ভারত শিবিরের উদ্বোধন করেন। আজ থেকে ২৭শে ডিসেম্বর পর্যন্ত ১২ দিন ব্যাপী এই শিবিরে দিল্লী, সিকিম ও ত্রিপুরা সহ উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলি থেকে ৫০০ জন এনসিসি ক্যাডেট অংশগ্রহণ করেন। রাজ্যপাল ছেলেমেয়েদের এনসিসিতে যোগদান করানোর জন্য অভিভাবদের প্রতি আহ্বান জানান।

#########Byte#########

অনুষ্ঠানে বক্তব্য রাখেন এনসিসি উত্তর পূর্বাঞ্চলের গ্রুপ কমান্ডারের দায়িত্বপ্রাপ্ত ব্রিগেডিয়ার কপিল সুদ।

**************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ ঊনকোটি জেলার কাঞ্চনবাড়িতে নবনির্মিত প্রাইমারি মার্কেটের পরিকাঠামোর উদ্বোধন করেন। এতে ব্যয় হয়েছে ২ কোটি ২৮ লক্ষ ৪৭ হাজার টাকা। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, রাজ্যে সর্বমোট ৫৫৪টি গ্রামীণ বাজার রয়েছে। এরমধ্যে ৮৬ টি'র পরিকাঠামোগত বিকাশ সাধন করা হচ্ছে। এতে ব্যয় হবে ১৬৭ কোটি ১১ লক্ষ টাকা। কৃষির উৎপাদন বৃদ্ধির পাশাপাশি বাজারের বিকাশ সাধন করার লক্ষ্যে রাজ্য সরকার কাজ করছে। তিনি বলেন, রাজ্যের আয়ের সাতচল্লিশ শতাংশ আসে কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্র থেকে। অনুষ্ঠানে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস, কৃষি অধিকর্তা শরদিন্দু দাস প্রমুখ ভাষন দেন।

*****************************

**Sushanta Chowdhury :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে আজ পর্যটন দপ্তরের কার্যালয়ে সম্প্রতি পর্যটন দপ্তর আয়োজিত প্রোমো ফেস্ট-২০২৪ নিয়ে পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মন্ত্রী শ্রী চৌধুরী এই বছরের প্রোমো ফেস্টের সাফল্যের জন্য দপ্তরের আধিকারিক সহ সকল স্তরের কর্মীদের অভিনন্দন জানান। পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে শ্রী চৌধুরী জানান সকলের প্রচেষ্টায় এই অনুষ্ঠানটি সুন্দর হয়ে উঠেছে। তিনি বলেন আগামীদিনেও দপ্তর পর্যটকদের আকৃষ্ট করতে সবরকমের ব্যবস্থা গ্রহণ করবে। বৈঠকে দপ্তরের অধিকর্তা প্রশান্ত্ বাদল নেগী সহ অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন।

********************************

**Cycling Day :**

"পেডেল ফর ফিটনেস অ্যান্ড এ পলিউশন-ফ্রি ফিউচার" এই স্লোগানকে সামনে রেখে আজ সকালে রাজধানীর উজ্জয়ন্ত প্রাসাদের সামনে থেকে ৩ কিলোমিটার সাইকেল র‍্যালি অনুষ্ঠিত হয়। স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার উদ্যোগে ও আগরতলা সাইক্লোহোলিক্স ফাউন্ডেশনের সহায়তায় র‍্যালির উদ্বোধন করেন পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার। ছিলেন দ্রোণাচার্য কোচ বিশ্বেশ্বর নন্দী, ক্রীড়া অধিকর্তা সত্যব্রত নাথ। এই কর্মসূচীতে প্রায় ৫০ জন সাইকেল চালক অংশগ্রহণ করেন। দীপা কর্মকার বলেন, সাইকেল চালানো আমাদের শরীরের জন্য ভালো এবং পরিবেশের দূষণ কমায়। তবে সবার নিরাপত্তার কথা ভেবে সাইকেলিস্টদের জন্য আলাদা লেন এবং সঠিক ব্যবস্থাপনা করা প্রয়োজন।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM, Rajasthan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজস্থানের জয়পুরে ৪৬ হাজার ৩০০কোটি টাকার বিদ্যুৎ, রাস্তা, রেল এবং জল সংক্রান্ত ২৪টি

উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। প্রধানমন্ত্রী আজ রাজস্থানের ভজন লাল শর্মা সরকারের এক বছর পূর্তি উপলক্ষে আয়োজিত উদযাপনে অংশ নেন। তিনি ১১হাজার কোটি টাকারও বেশি মূল্যের ৯টি প্রকল্পের উদ্বোধন করেন, যার মধ্যে রয়েছে কেন্দ্রীয় সরকারের ৭টি প্রকল্প এবং রাজ্য সরকারের ২টি প্রকল্প। তিনি ৩৫,৩০০ কোটি টাকারও বেশি মূল্যের ১৫টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন যে পার্বতী, কালিসিন্ধ, চম্বল লিঙ্ক প্রকল্প রাজস্থানের জল সমস্যার স্থায়ী সমাধান দেবে। তিনি বলেন, এই প্রকল্প শুধু বিনিয়োগই বাড়াবে না, তরুণদের সীমাহীন কর্মসংস্থানের সুযোগও দেবে।

প্রধানমন্ত্রী বলেন যে জল সংরক্ষণ সময়ের প্রয়োজন এবং দেশের প্রতিটি নাগরিকের এতে অবদান রাখা উচিত। রাজস্থানের রাজ্যপাল হরিভাউ বাগদে, মুখ্যমন্ত্রী ভজন লাল শর্মা, মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন লাল যাদব, জলশক্তির কেন্দ্রীয় মন্ত্রী সি আর পাটিলও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

******************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে ডিসেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নমঃ APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*************************

**CPIM-CONFERENCE :**

C.P.I(M) এর দুদিনব্যাপী ২৪তম কৈলাসহর মহকুমা সন্মেলন আজ থেকে ঊনকোটি কলাক্ষেত্রে শুরু হয়েছে। এই উপলক্ষ্যে আজ প্রকাশ্য সমাবেশে  প্রধান বক্তার ভাষনে  প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার নিরক্ষরতা দূরীকরণে জনশিক্ষা সমিতির ভূমিকা ও গনমুক্তি পরিষদ গঠনের প্রেক্ষাপটে নিয়ে আলোচনা করেন। বক্তব্য রাখেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, প্রাক্তন আইনমন্ত্রী তপন চক্রবর্তী, প্রাক্তন বিধায়ক রাজেন্দ্র রিয়াং প্রমুখ।

****************************

**Birjit Singha :**

প্রদেশ কংগ্রেস অনুমোদিত রাজীব গান্ধী পঞ্চায়েতি রাজ সংগঠনের প্রথম বৈঠক আজ আগরতলা প্রেসক্লাবে অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে উপস্থিত ছিলেন কংগ্রেস বিধায়ক বীরজিৎ সিংহ। তিনি বলেন এই সংগঠনের মূল উদ্দেশ্য হচ্ছে পঞ্চায়েতি রাজ ব্যবস্থাকে সারা রাজ্যে ছড়িয়ে দেওয়ার পাশাপাশি পঞ্চায়েতী রাজ ব্যবস্থা সম্পর্কে মানুষকে অবহিত করা। সেই লক্ষ্যেই সংগঠনের নবনির্বাচিত চেয়ারম্যান অভিজিৎ সরকারের আহবানে জেলা এবং রাজ্যস্তরের কর্মীদের নিয়ে এই বৈঠকের আয়োজন করা হয়েছে।

*****************************

**CITU :**

আজ ওয়ার্ল্ড ফেডারেশন অব ট্রেড ইউনিয়নের ৮০তম প্রতিষ্ঠা দিবস। সারাদেশের সঙ্গে রাজ্যেও দিনটি পালিত হয়। সিআইটি ইউ রাজ্য দপ্তরে সি আই টি ইউ’র পতাকা উত্তোলন করেন সংগঠনের রাজ্য সভাপতি মানিক দে। অনুষ্ঠানে শ্রী দে এবং সিটুর রাজ্য সম্পাদক শংকর প্রসাদ দত্ত বিশ্ব তথা সারা দেশ জুড়ে শ্রমিকদের বর্তমান পরিস্থিতি তুলে ধরে বক্তব্য রাখেন। শ্রী

দে অভিযোগ করেন দেশের শ্রমিকদের অর্থনৈতিক অবস্থার দিন দিন অবনতি হচ্ছে। কাজের কোন নিশ্চয়তা নেই।

*******************************

**All Tripura Blind Association :**

অল ত্রিপুরা ব্লাইন্ড অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে আজ আট দফা দাবিতে আজ এলিমেন্টারি ও সেকেন্ডারি এডুকেশনের অধিকর্তা এন সি শর্মার কাছে ডেপুটেশন প্রদান করা হয়। অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মিঠুন সাহা জানান, দাবীগুলির মধ্যে রয়েছে প্রতিবন্ধী আইন ২০১৬ অনুসারে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগে ব্যক্তির অধিকার অনুযায়ী একজন অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগ করা, দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য সিলেবাস অনুযায়ী ব্রেইল বই সরবরাহ করা, সঠিক সেবা প্রদানের জন্য দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষকদের ব্রেইল প্রশ্নপত্র এবং ব্রেইল বই প্রদান করা ইত্যাদি। তিনি বলেন এসোসিয়েশন দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের স্বার্থে ১৯৮৪ সাল থেকে কাজ করে আসছে।

*******************************

**BSF DIG, Gokulnagar :**

বি.এস.এফ এর শালবাগানস্থিত প্রধান কার্যালয়ের ডি.আই.জি ভি.কে কাসানা বলেছেন, আজকের ছাত্র-ছাত্রীই দেশের ভবিষৎ। পড়াশোনার পাশাপাশি তাদের বহুমুখী প্রতিভার অধিকারী হতে হবে।

আজ বি.এস.এফ গোকুলনগর ক্যাম্পাসের কেন্দ্রীয় বিদ্যালয়ে প্রথম বারের মতো আয়োজিত বার্ষিক ক্রীড়া উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি একথা বলেন। অনুষ্ঠানে বিদ্যালয়ের অধ্যক্ষ কল্লোল রায় ও অন্যান্যরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ২০২২ সালে যাত্রা শুরু করে এই কেন্দ্রীয় বিদ্যালয়টি। বর্তমানে সপ্তম শ্রেণী পর্যন্ত পঠনপাঠন চলছে।

****************************

**Health Camp :**

রক্তাল্পতামুক্ত ভারত গড়ার লক্ষ্যে আজ দক্ষিন জেলার জোলাইবাড়ি ব্লকের বীরেন্দ্রনগর ভিলেজে কৃষ্ণরামপাড়া হাইস্কুলের ছাত্রছাত্রীদের রক্তে হিমোগ্লোবিনের পরিমান পরীক্ষা করা হয়। বীরেন্দ্রনগর আয়ুস্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার অজন্তা রিয়াং, আশা কর্মী কালাতি ত্রিপুরা ছিলেন রক্ত সংগ্রহ ও রক্ত পরীক্ষার দায়িত্বে। কমিউনিটি হেলথ অফিসার জানান, বেশ কয়েকজন পড়ুয়ার রক্তে হিমোগ্লোবিনের পরিমাণ কম পাওয়া গেছে। তাদের আয়রন ট্যাবলেট সহ প্রয়োজনীয় ঔষধ প্রদান করা হয়।

***************************

**JAS Meeting :**

শান্তিরবাজার মহকুমার রাধাকিশোরগঞ্জ স্বাস্থ্য ও সুস্হতা কেন্দ্রের জন আরোগ্য সমিতির এক সভা আজ অনুষ্ঠিত হয়। সভায় রাধাকিশোরগঞ্জ গ্রাম পঞ্চায়েতের প্রধান মাধুরী দাস, গ্রাম পঞ্চায়েত এলাকার স্কুলগুলির প্রধান শিক্ষকগন সহ জন আরোগ্য সমিতির সদস্যরা উপস্থিত ছিলেন। কেন্দ্রের কমিউনিটি হেলথ অফিসার শ্যাম চক্রবর্তী জানান, সভায় সংশ্লিষ্ট এলাকার রাস্তা সহ গ্রাম পঞ্চায়েত এলাকার স্বাস্হ্য পরিষেবা আরও উন্নত করার লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয়।

***************************

**North East chess :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুরে পাঁচ দিন ব্যাপী ২২তম উত্তর-পূর্বাঞ্চল দাবা আসরের উদ্বোধন করেন। তিনি বলেন এবারই প্রথম রাজধানী আগরতলার বাইরে মন্দির নগরী উদয়পুরে উত্তর-পূর্বাঞ্চলের দাবা প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে।

তিনি আরো বলেন ছেলে মেয়েরা যত বেশি খেলাধুলার সঙ্গে যুক্ত থাকবে, যুবসমাজ ততবেশি নেশাসক্তি থেকে দূরে থাকতে পারবে। এইজন্য তিনি অভিভাবকদের উদ্যোগী হতে বলেন। অনুষ্ঠানে উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল মজুমদার, উত্তর পূর্বাঞ্চলের দাবা অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান কে এম ওয়াজরি সহ অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন।

এই আসরে উত্তরপূর্বাঞ্চলের রাজ্যেগুলি থেকে মোট ২৭৮ জন প্রতিনিধি অংশ নিয়েছেন।

*************************

**Vijay Merchant :**

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেট প্রতিযোগিতার তিনদিনের খেলায় নাগাল্যান্ডের বিরুদ্ধে ত্রিপুরা প্রথম দিনেই প্রথম ইনিংসে লিড নিয়েছে। কটকে অনুষ্ঠিত খেলায় প্রথমে ব্যাট করতে নেমে নাগাল্যান্ড প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে মাত্র ৬০ রান করে। জবাবে রাজ্যদল লিড নিয়ে প্রথম ইনিংসে ২০১ রানে সবাই আউট হয়ে যায়। ১৪১ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে নাগাল্যান্ড দিনের শেষে ১ উইকেট হারিয়ে ১৪ রান করে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে মাঝারি পর্যায় কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৬ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১.৯ ডিগ্রি সেলসিয়াস। বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণবাতার কারণে তাপমাত্রা ঊর্ধ্বমুখী বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

*************************